



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
পরিচালক(ট্রাফিক) এর দপ্তর

দপ্তরাদেশ নং- ২০/২০২৪ইং

তারিখ ২২/০৪/২০২৪ ইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণানুযায়ী “মে দিবস এবং বুদ্ধপূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা)” উপলক্ষে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগের (পানগাঁও আইসিটি ও ঢাকা আইসিডিসহ) সকল অপারেশনাল কর্মস্থলে নিম্নলিখিতভাবে ছুটি পালিত হবে।

১। “মে দিবস” উপলক্ষে আগামী ০১/০৫/২০২৪ ইং তারিখ বুধবার সকাল ০৮.০০ ঘটিকা থেকে  
১৮ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ

০২/০৫/২০২৪ইং তারিখ বৃহস্পতিবার সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ ছুটি পালিত হবে।  
১৯ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ

২। “বুদ্ধপূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা)” উপলক্ষে আগামী ২২/০৫/২০২৪ ইং তারিখ বুধবার সকাল ০৮.০০ ঘটিকা  
০৮ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ

থেকে ২৩/০৫/২০২৪ ইং তারিখ বৃহস্পতিবার সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ ছুটি পালিত হবে।  
০৯ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ

৩। শুল্ক বিভাগ ও বন্দর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত ছুটির দিন সমূহে বিশেষ বন্দোবস্তাধীনে এবং বিধি মোতাবেক অতিরিক্ত মাসুল (চার্জ) প্রদান সাপেক্ষে জাহাজ/লাইটার সমূহে কাজ করা যাবে। খাদ্য, ত্রাণ ও অন্যান্য গুরুত্বপূর্ণ সামগ্রীর সাথে সম্পর্কযুক্ত বাণিজ্যিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পরিচালক(ট্রাফিক) বা তাঁর অধীনস্থ ভারপ্রাপ্ত কর্মকর্তাকে পূর্বেই অবহিত করতে হবে।

৪। উক্ত সময়ে ট্রাফিক বিভাগের অধীনস্থ (পানগাঁও আইসিটি ও ঢাকা আইসিডিসহ) সকল অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে পর্যাপ্ত জনবল বুকিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। উপরোক্ত সময়সূচী অনুযায়ী বন্দর অভ্যন্তরস্থ জনতা ব্যাংক, ওয়ান ব্যাংকসহ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর অনুমোদিত অন্যান্য ব্যাংকের বুথসমূহ এবং কাস্টম হাউস স্থিত সোনালী ব্যাংক, শুল্ক বিভাগের সংশ্লিষ্ট শাখা এবং সকল প্রাইভেট ডিপোসমূহকে সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত করে খোলা রাখার জন্য অনুরোধ করা গেল।

পরিচালক (ট্রাফিক)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ : ২২/০৪/২০২৪ ইং

নথি নং-১৮.০৪.০০০০.০৩০.০৮.০১.১৯/১৪৬

বিতরণ :- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সকল সদস্য, চবক।
- ২। সকল বিভাগীয় প্রধান, চবক।
- ৩। সচিব, চবক।
- ৪। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ৫। টার্মিনাল ম্যানেজার, পানগাঁও কন্টেইনার টার্মিনাল, কেরানীগঞ্জ, ঢাকা।
- ৬। টার্মিনাল ম্যানেজার, চবক।
- ৭। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক।
- ৮। সিস্টেমস্ এনালিস্ট, চবক ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।

অঃপূঃ